গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগেরহাট সদর, বাগেরহাট

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি নং-০১

এতদ্দারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তালিকায় বর্ণিত বদ্ধ জলমহালসমূহ ০৩ (তিন) বছরের জন্য (১৪২৯ বঙ্গাব্দ থেকে ১৪৩১ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত আবেদন ফরমে সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী :**

১। আবেদন এ অফিসের অনুমোদন সাপেক্ষে গ্রহণ করা হবে।
২। আবেদন নির্ধারিত ফরমে ও সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। আবেদনকারী নাম, পিতার নাম ও পূর্ণ ঠিকানা আবেদন ফরমে ও খামে লিখতে হবে।
৩। প্রতিটি জলমহালের জন্য আলাদা আলাদাভাবে আবেদন দাখিল করতে হবে। একটি আবেদনে একাধিক জলমহাল উল্লেখ করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
৪। অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, বাগেরহাট সদর ও উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর হতে আবেদন সিডিউল ক্রয় করা যাবে এবং উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, বাগেরহাট সদর; উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর এবং বাগেরহাট সদর থানায় রক্ষিত আবেদন বাক্সে আবেদন গ্রহণ করা হবে। বিস্তারিত জানার প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

### আবেদন ফরম ক্রয়, দাখিল ও যাচাইয়ের সময়সূচী

| আবেদন ফরম ক্রয়ের স্থান, শেষ তারিখ ও সময় | আবেদন দাখিলের স্থান, তারিখ ও সময় | আবেদন খোলার স্থান, তারিখ ও সময় | আবেদন ফরমের মূল্য |
|---|---|---|---|
| স্থান: উপজেলা ভূমি অফিস, বাগেরহাট সদর, বাগেরহাট।<br>তারিখ: ৩০-০১-২০২২ খ্রি. হতে ২৭-০২-২০২২ খ্রি. পর্যন্ত<br>(অফিস চলাকালীন) | স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগেরহাট সদর, বাগেরহাট।<br>তারিখ: ২৮-০২-২০২২ খ্রি.<br>সময়: সকাল ৯:০০টা থেকে দুপুর ১২:০০টা | স্থান: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগেরহাট সদর, বাগেরহাট।<br>তারিখ: ২৮-০২-২০২২ খ্রি.<br>সময়: বিকাল- ০৩ টা ৩০ মিনিট | ৫০০/-<br>(অফেরত-যোগ্য) |

### জলমহালসমূহ

| ক্রমিক নং | ইজারা যোগ্য নন্মইরশি খাল বদ্ধ জলমহাল | ইউনিয়নের নাম | জলমহালের আয়তন (একর) (আনুমানিক) | সরকারি ইজারামূল্য |
|---|---|---|---|---|
| ০১ | মির্জাপুর খাস পুকুর বদ্ধ জলমহাল | কাড়াপাড়া ইউনিয়ন | ২.১০ | ১১৫৫০/- |
| ০২ | মগরা (গজির খাল) বদ্ধ জলমহাল | কাড়াপাড়া ইউনিয়ন | ৩.১৪ | ৫৭৭৫/- |
| ০৩ | মঠের কাটাখালী ও মাঝুলিবুনিয়া খাল বদ্ধ জলমহাল | বারুইপাড়া ইউনিয়ন | ১৬.১৮ | ২৪৬৭৫/- |
| ০৪ | গোদাড়ার খাল | ষাটগম্বুজ ইউনিয়ন | ৭.৩০ | ৪২০০০/- |
| ০৫ | ইমামবাড়ী খাল বদ্ধ জলমহাল | ষাটগম্বুজ ইউনিয়ন | ২.৫৫ | ২১০০০/- |
| ০৬ | শশীখালী খাল বদ্ধ জলমহাল-১ | ষাটগম্বুজ ইউনিয়ন | ৫.১৫ | ২৬২৫০/- |
| ০৭ | শশীখালী খাল বদ্ধ জলমহাল-২ | ষাটগম্বুজ ইউনিয়ন | ৫.১৬ | ৩১৫০/- |
| ০৮ | বারুইপাড়া দিঘী বদ্ধ জলমহাল | বারুইপাড়া ইউনিয়ন | ২.০৯ | ৫৫১৩/- |
| ০৯ | মান্দারতলা খাল | ষাটগম্বুজ ইউনিয়ন | ১০.৩০ | ৩১৫০০/- |
| ১০ | নলবুনিয়া খাল বদ্ধ জলমহাল | বিষ্ণুপুর ইউনিয়ন | ৩.২৩ | ৬৮২৫/- |

৫। যে কোন আগ্রহী মৎস্যজীবি সমবায় সমিতি জলমহাল ইজারায় অংশ গ্রহণ করতে পারবে। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।
৬। দাখিলকৃত আবেদন দাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের ২০% পরিমাণ অর্থ যেকোনো তফসীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পেওর্ডার আকারে উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।
৭। আবেদনে উল্লিখিত উদ্ধৃত দর স্পষ্ট অক্ষরে পৃথকভাবে অংকে ও কথায় লিখতে হবে।
৮। আবেদন যথাযথভাবে পূরণ করত হবে এবং আবেদনে স্বাক্ষর করতে হবে। আবেদনে কাটাকাটি, ঘষামাজা, লেখার উপর লেখা এরূপ দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য নয়। তা বাতিল বলে বিবেচিত হবে।
৯। আবেদনের উদ্ধৃত মূল্যের ৫% হারে আয়কর ও ১৫% হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) হিসেবে যার আবেদন অনুমোদন হবে তাকে অনুমোদনের ০৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট খাতে সোনালী ব্যাংকে ট্রেজারী চালানের মাধ্যমে ইজারা অর্থ জমা দিয়ে জমা চালানের মূল কপি এ অফিসে দাখিল করতে হবে। অন্যথায় কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই জামানত বাজেয়াপ্তসহ আবেদন পুনঃআহ্বান করা হবে।
১০। যার আবেদন গৃহীত/অনুমোদিত হবে তাকে অনুমোদন পত্র প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে ইজারা বিধি মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর এর অনুকূলে কবুলিয়তনামা (চুক্তিপত্র) সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদনে ব্যর্থ হলে তার ইজারা বাতিলপূর্বক জমাকৃত ইজারা মূল্য ও সম্পূর্ণ অর্থ উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর এর অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
১১। ইজারাদার কোনোক্রমেই ইজারাপ্রাপ্ত জলমহাল অন্য কারো নিকট উপ-বন্দোবস্ত (সাব-লিজ) প্রদান করতে পারবে না। ইজারাদার অনুরূপ কোনো কার্যকলাপে লিপ্ত হলে বা ইজারা চুক্তির কোনো শর্ত ভংগ করলে তার ইজারা মূল্য ও সম্পূর্ণ অর্থ বাজেয়াপ্তসহ ইজারা আদেশ বাতিল বলে গণ্য হবে। ইহাতে কোনো প্রকার ওজর আপত্তি গ্রাহ্য করা হবে না।
১২। আবেদন দাতাকে তার স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
১৩। আবেদন দাখিল করার পূর্বে জলমহাল সরেজমিনে পরিদর্শন করে আবেদন দাখিল করতে হবে। পরবর্তীতে জলমহাল বিষয়ে তার কোনো ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১৪। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন গ্রহণ/স্থগিত রাখার বা যেকোনো বা সমুদয় আবেদন বাতিল করার ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন।
১৫। এছাড়া, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তসমূহ প্রযোজ্য হবে।

২৭/০১/২২

(মুহাম্মদ মুছাব্বেরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগেরহাট সদর, বাগেরহাট।

৩১/০১/২২

স্মারকনং-৩১.১৫.০১৬০.০০১.০৯.০১১.২২- ৪১ তারিখ: ২৭/০১/২০২২ খ্রি.

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-**

০১. মাননীয় সংসদ সদস্য, বাগেরহাট-৩ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট সদর, বাগেরহাট।
০২. জেলা প্রশাসক, বাগেরহাট।
০৩. পুলিশ সুপার, বাগেরহাট।
০৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, বাগেরহাট।
০৫. চেয়ারম্যান, বাগেরহাট সদর উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, বাগেরহাট সদর ও আহবায়ক, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৭. অফিসার ইন-চার্জ, বাগেরহাট সদর মডেল থানা।
০৮. উপজেলা ............................... কর্মকর্তা (সকল), সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৯. চেয়ারম্যান, ..............................(সকল) ইউনিয়ন পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট। তাঁকে স্ব-স্ব এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, .............................. (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
১১. সম্পাদক, ...................................., খুলনা। বিজ্ঞপ্তিটি (২"x৩") আকারে একদিনের জন্য প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২. ......................................................... (সকল), সদস্য, বাগেরহাট সদর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, বাগেরহাট সদর, বাগেরহাট।
১৩. জনাব ...........................................................................................।
১৪. অফিস কপি।

Bkmessa

(বিবি করিমুন্নেছা)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বাগেরহাট সদর, বাগেরহাট।